# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ২৪০২

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰى)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সকাল সন্ধ্যা ও শয্যা গ্রহণকালে যা বলবে

### আরবী

وَعَن حَفصَةَ رَضِيَ اللَّهُ عَنْهَا أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا أَرَادَ أَنْ يَرْقُدَ وَضَعَ يَدَهُ الْيُمْنَى تَحْتَ خَدِّهِ ثُمَّ يَقُولُ: «اللَّهُمَّ قِنِي عَذَابَكَ يَوْمَ تَبْعَثُ عِبَادَكَ» . ثَلَاثَ مَرَّاتٍ رَوَاهُ أَبُو دَاوُد

### বাংলা

২৪০২-[২২] হাফসা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘুমানোর ইচ্ছা করলে ডান হাত গালের নীচে রাখতেন, অতঃপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তিনবার বলতেন, ’’আল্ল-হুম্মা কিনী ’আযা-বাকা ইয়াওমা তাব্’আসু ’ইবা-দাকা’’ (অর্থাৎ- হে আল্লাহ! তুমি যেদিন তোমার বান্দাদেরকে কবর হতে উঠাবে, তোমার ’আযাব হতে আমাকে রক্ষা করবে)। (আবূ দাঊদ)[1]

### ফুটনোট

[1] সহীহ : তবে (ثلاث مرات) অংশটুকু ব্যতীত। আবূ দাউদ ৫০৪৫, মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ৩৯৪, আল কালিমুত্ব ত্বইয়্যিব ৩৬, সহীহাহ্ ২৭৫৪, সহীহ আল জামি‘ ৪৬৫৬।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (قِنِىْ عَذَابَكَ يَوْمَ تَبْعَثُ عِبَادَكَ) অর্থাৎ- এক্ষেত্রে প্রত্যেক জ্ঞানবান ব্যক্তির জন্য জানা উচিত হলো, ঘুমকে আল্লাহ মাধ্যম বানিয়েছেন মৃত্যু ও পুনরুত্থানের কথা স্মরণ করার জন্য, যা মৃত্যুর পরে সংঘটিত হবে।

কোন কোন বর্ণনায় (مَرَّاتٍ) ‘‘একবার’’ এর পরিবর্তে مِرَارً ‘‘একাধিকবার’’ বলার কথা উল্লেখ রয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56962

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন